

স্কুলের গাছ কাটছে ঠিকাদার : জানেন না প্রধান শিক্ষক!

সংবাদ : প্রতিনিধি, বালিয়াকান্দি (রাজবাড়ী)

| ঢাকা, রোববার, ০৩ নভেম্বর ২০১৯

রাজবাড়ীর বালিয়াকান্দিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গাছ ঠিকাদার কাটলেও জানে না স্কুলের প্রধান শিক্ষক ও সভাপতি। অনুমতি ছাড়াই সরকারি গাছ কর্তনের বিষয়ে এলাকায় অভিভাবকদের মাঝে চরম ক্ষেত্রের সৃষ্টি হয়েছে।

গত শুক্রবার দুপুরে উপজেলার বহরপুর ইউনিয়নের আড়কান্দি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা যায়, স্কুলের একটি মেহগনি গাছ ভেকু দিয়ে উপড়ে ফেলেছে। আরো দুটি বিশাল আকৃতির মেহগনি গাছ কর্তন করছে। গাছের গোড়া কেটে ফেলা হয়েছে। সরেজমিনে ভেকু পড়ে থাকলেও ঠিকাদারী প্রতিষ্ঠানের কাউকে পাওয়া যায়নি।

স্কুলের প্রধান শিক্ষক ভারতী মৈত্র বলেন, স্কুলের ভবন নিমাণের জন্য গাছ কর্তন করা প্রয়োজন। বৃহস্পতিবার গাছ কর্তনের অনুমতির লক্ষ্যে ম্যানেজিং কমিটির রেজুলেশন করে আবেদন দেওয়া হয়েছে। অনুমতি আসার আগেই আমাকে ও সভাপতিকে কিছু না জানিয়েই ঠিকাদার গাছ কর্তন করছে। বিষয়টি উপজেলা শিক্ষা

আফসারকে অবাহত করা হয়েছে। তবে ঠিকাদার মধুখালীর শহিদুল ইসলাম বললেও তার কোন ফোন নম্বর নেই।

উপজেলা শিক্ষা অফিসার আশরাফুল হকের সঙ্গে মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করেই ফোন বন্ধ থাকায় কথা বলা সম্ভব হয়নি। উপজেলা নির্বাহী অফিসার ইশরাত জাহান বলেন, বিষয়টি আমার জানা নেই। খোঁজ নিয়ে দেখছি।